

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং মহানগর স্পেশাল ট্রাইব্যুনাল নং-১, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিলে উল্লেখিত মামলার আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারী করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামীগণ গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীদেরকে শীঘ্রই গ্রেফতার করিবার আশু কোন সম্ভাবনা নাই, সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬ (১ক) ধারার বিধানমতে নিম্ন তফসিলে বর্ণিত আসামীগণের নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হইবে :

ক্রমিক নং	বিবরণ	আসামির নাম ও ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
১	২	৩	৪	৫
(১)	স্পেশাল মামলা নং- ৬১/২০১৩ কোতয়ালী থানার মামলা নং-৩৫(০৯) ২০১২ এ.সি. সি. জি. আর-২৬/২০১২	(১) গোলাম কিবরিয়া (৩৯), সিনিয়র ওয়েল ফেয়ার অফিসার (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে সি.আর.বি. চট্টগ্রাম (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত) পিতা আব্দুর রব বেপারী, মাতা মোসা হাবিবুন নেছা, গ্রাম মাছুয়াখালী, থানা গোসাইরহাট, জেলা শরীয়তপুর, বাসা এম/১৮, সি.আর. বি. হাসপাতাল কলোনী, চট্টগ্রাম।	ধারাঃ ১৬৬/১৬৭/ ৪৭৭ (ক)/২১৭/ ১০৯/ ২০১ দঃ বিঃ ও ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	২০-০১-২০১৪ইং

(১৪০০৭)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
		(২) মোঃ হাফিজুর রহমান চৌধুরী (৫০), অতিঃ প্রধান যন্ত্র প্রকৌশলী/পূর্ব বাংলাদেশ রেলওয়ে (সি.আর.বি. চট্টগ্রাম) (বর্তমানে সাময়িক বরখাস্ত/ডকুমেন্ট) পিতা মোঃ মোশারফ উদ্দিন চৌধুরী, মাতা নূর জাহান বেগম, গ্রাম গনিয়ারী, ডাকঃ নওহাটা বাজার, উপজেলা মুকসুদপুর, জেলা গোপালগঞ্জ, বাসা বাড়ী নং-৪২, রোড নং-৪, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।	ধারাঃ ১৬৬/১৬৭/ ৪৭৭ (ক)/২১৭/ ১০৯/২০১ দঃ বিঃ ও ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	২০-০১-২০১৪ইং
		(৩) ইউসুফ আলী মুধা (৫৭), প্রাক্তন মহাব্যবস্থাপক (পূর্বাঞ্চল), বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম, বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিঃ মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা) (বর্তমানে সাময়িক বরখাস্ত/ডকুমেন্ট) পিতা মৃত আবদুল মজিদ মুধা, গ্রাম+ডাক ধরাইল, উপজেলা মাদারীপুর সদর, জেলা মাদারীপুর, বর্তমান ঠিকানা বাসা নং-ডি-১/এ, শাহজাহানপুর, রেলওয়ে অফিসার্স কলোনী, ঢাকা।		
		(৪) মোঃ আবুল কাশেম (৩০), ফুয়েল চেকার, লোকো সেড দেওয়ানগঞ্জ বাজার, জেলা জামালপুর, পিতা মৃত মোঃ ইউসুফ আলী, গ্রাম মধুপুর, ডাক গোপালপুর, থানা বেগমগঞ্জ, জেলা নোয়াখালী।		
		(৫) মোঃ আনিসুর রহমান (২৭), ফুয়েল চেকার, লোকো সেড কুলাউড়া, থানা কুলাউড়া, জেলা মৌলভীবাজার, পিতা মোঃ আব্দুর রহমান, গ্রাম ফুকরা, ডাক ফুকরা, থানা কাসিয়ানি, জেলা গোপালগঞ্জ। বাসা নূর মোহাম্মদ রোড, ফকিরহাট, গ্রাম দক্ষিণ সলিমপুর, ডাক জাফরাবাদ, থানা সীতাকুন্ড, জেলা চট্টগ্রাম।		

এস.এম. মজিবুর রহমান
মহানগর সিনিয়র স্পেশাল জজ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd